

এইচএসসি ও সমমান পরীক্ষা জুনে শুরু হতে পারে

অনলাইন ডেঙ্ক

১৩ ফেব্রুয়ারি,
২০২৪ ১৩:২২

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি

আগামী জুন মাসের শেষের দিকে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হতে পারে। এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ে একটি প্রস্তাব পাঠ্যাবে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কর্মসূচি। মন্ত্রণালয়ের নির্দেশনা পেলে এইচএসসি ও সমমান পরীক্ষার সূচি চূড়ান্ত করা হবে।

শিক্ষা বোর্ডের কর্মকর্তারা জানান, চলতি বছরের এইচএসসি পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষার ফলাফল মার্চে প্রকাশ করা হবে।

এরপর ফরম পূরণ শুরু হবে।

এ বিষয়ে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকার বলেন, জুনের শেষ সপ্তাহ থেকে এইচএসসি ও সমমান পরীক্ষা শুরু করার জন্য প্রস্তুতি নিছি।

তিনি বলেন, পরীক্ষার খসড়া রুটিন তৈরির বিষয়ে কাজ চলছে। খসড়া রুটিন তৈরির পর তা শিক্ষা মন্ত্রণালয়ে পাঠানো হবে।

এরপর মন্ত্রণালয় অনুমোদন দিলে শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।